



তথ্যবিবরণী

নম্বর-০৫০

রাজশাহী পিআইডি'র সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত

রাজশাহী; ১০ আশ্বিন (২৫ সেপ্টেম্বর):

আজ বুধবার (২৫ সেপ্টেম্বর) সকালে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের (পিআইডি) সম্মেলন কক্ষে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আয়োজিত এ সভায় দপ্তরটির সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হয়। একই সাথে সরকারের ইতিবাচক ভাবমূর্তি তৈরি করতে বিভিন্ন সরকারি দপ্তরের উন্নয়ন কার্যক্রম পিআইডিকে অবহিত করতে অনুরোধ জানানো হয়।

রাজশাহীর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা প্রাণিসম্পদ দপ্তর, বিভাগীয় কৃষি তথ্য সার্ভিস দপ্তর, জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধিসহ রাজশাহী পিআইডি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫.০০ ঘ.